# বুলেটিন
## এপ্রিল-২০২৩

বিশেষ সংখ্যা




SHEIKH FAZILATUNNESSA MUJIBMEMORIALKPJ SPECIALIZED HOSPITAL & NURSING COLLEGE

KPJ HEALTHCARE

Care For Life


শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল
কেপিজে বিশেষায়িত হাসপাতাল
সি/১২, তেঁতুইবাড়ি, কাশিমপুর, গাজীপুর। ওয়েবঃ www.sfmmkpjsh.com




## উপদেষ্টা মন্ডলী

**মোহাম্মদ তৌফিক বিন ইসমাইল**
প্রধান নির্বাহী কর্মকার্তা

**ডাঃ রাজিব হাসান**
পরিচালক, মেডিকেল সার্ভিস

**নূর আদিলা বিনতি শুইব**
প্রধান অর্থনৈতিক কর্মকর্তা

**রুজিতা মোহাম্মদ দান**
প্রধান নার্সিং কর্মকর্তা

## সদস্য

**এনামুল হক দেওয়ান**

**বিকাশ চন্দ্র ঘোষ**

## সম্পাদক

**ডাঃ চৌধুরী মোহাম্মদ আনোয়ার পারভেজ**
কনসালটেন্ট-গ্যাস্ট্রোএন্টারোলজি
চেয়ারপার্সন
সিএমই কমিটি ২০২২-২০২৩

## যুগ্ম সম্পাদক

**ডাঃ সৈয়দা সানজিদ আরা নূপুর**
কনসালটেন্ট, গাইনী এবং অবসটেট্রিক্স

## সহ সম্পাদক

**ডাঃ মোদাস্‌সির হোসেন শাফী**
ডেন্টাল সার্জন

## সূচিপত্র


- মাননীয় প্রধানমন্ত্রীর আগমন
- শুভেচ্ছা বক্তব্য
- মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য
- সমাবর্তন বক্তার বক্তব্য
- জাতীয় সংগীত পরিবেশন
- পবিত্র ধর্ম গ্রন্থ থেকে পাঠ
- দেশাত্মবোধক গানের সাথে সাংস্কৃতিক পরিবেশনা
- স্নাতক প্রতিনিধির বক্তব্য
- স্নাতক দের মাঝে সনদপত্র বিতরণ
- কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা
- কেপিজে ঢাকা জার্নালের শুভ উদ্ভোদন
- বাংলাদেশ সিকিউরিটি এক্সচেঞ্জ কমিশন কর্তৃক স্লিট ল্যাম্প ও অপারেটিভ মাইক্রোস্কোপ হস্তান্তর
- কেপিজে ঢাকা পেশেন্ট ম্যানেজমেন্টের সফটওয়্যার এবং হাসপাতাল ওয়েবসাইটের শুভ উদ্ভোদন

# Welcome Address



**Mohd Taufik Bin Ismail**
Chief Executive Officer

BISMILLAHIRRAHMANIRRAHIIM....
HER EXCELLENCY SHEIKH HASINA,
HONORABLE PRIME MINISTER
OF THE GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH & PRESIDENT OF THE FATHER OF THE NATION BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN MEMORIAL TRUST.

MAJOR GENERAL ABDUL HAFIZ MALLICK, PSC (rtd) Chairman of the Governing Body, Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Nursing College, and member of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman Memorial Trust.

Today's graduation speaker, Mdm Norhaizam Binti Mohammad, Chairman KPJ Dhaka (Pte) Ltd and President of KPJ Healthcare Berhad, Malaysia Respected Cabinet Members of the Government of the People's Republic of Bangladesh, Her Excellency Haznah Binti Md Hashim, High Commissioner of Malaysia to Bangladesh Tn Hj Khairuddin bin Jaflus, member of the Board of Directors KPJ Healthcare Berhad, Malaysia.

Members of the Board of Directors and the Board of Management of Bangamata Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Specialized Hospital & Nursing College.

Members of the Governing Body of Bangamata Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Nursing College Consultants, Management & staff of Bangamata Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Specialized Hospital & Nursing College.

Graduands, their parents and guardians
Members of the Media
Distinguished Guests, Ladies and Gentlemen

ASSALAMUALAIKUM WBT
SHUBHO SHOKAL
SELAMAT PAGI &
A VERY GOOD MORNING TO ALL

Alhamdulillah, Alhamdulillahirobil aalamiin...............
Alhamdulillah, all praises to Allah swt, as it is His blessings that we are all gathered here on this very auspicious day today to witness the 2nd Graduation ceremony of Bangamata Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Nursing College

On behalf of the Board of Directors, Consultants, Management and Staff of Bangamata Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Specialized Hospital & Nursing College, I wish to bid a very warm welcome to all honorary and distinguished guests, especially to our Chief Guest, the Honorable Prime Minister, Sheikh Hasina, to the 2nd Graduation Ceremony of the Bangamata Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Nursing College.

Yes, it was the 1st Graduation Ceremony that Her Excellency Sheikh Hasina attended as the Chief Guest, and today, Her Excellency will, once again, be personally presenting the certificates to all the graduation who have successfully passed and completed their studies here at the Nursing College. How fortunate and lucky you all are, to have, in person, our beloved Honorable Prime Minister to present to you, personally, your certificates. You will all be the envy of others. It is also indeed another historic and memorable moment for all of us here today, and for that, may I invite all to give a very big round of applause to our Honorable Prime Minister, Donna Bad, thank You and Terima Kasih, Her Excellency

This Month of March has so many historic moments – on the 7th, Bangabandhu declared independence, on the 17th, the greatest son of the soil, Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman was born, and the country was blessed with independence under the able leadership of your great leader, Bangabandhu, and on the 26th is the Independence Day of Bangladesh.

Today the Bangamata Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Specialized Hospital and Nursing College, family joins me in paying tribute of love and respect to the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and Bangamata Sheikh Fazilatunnessa Mujib. They taught us how to leave impacts on the lives of millions. Dear graduates, please carve their names on your heart and pray for them during your everyday prayers.

Honorable Prime Minister, Ladies & Gentlemen, The global Covid-19 pandemic, especially during the period 2020-2021, had grave impacts on many public and private institutions and individuals, and our hospital and nursing college was no exclusion. For the nursing college, only online classes were conducted, but despite all the challenges, the teachers and students, with sheer grit, determination and courage, managed to pull through as evidenced today. During the global pandemic period, the nursing college was also not able to hold any graduation ceremonies until today, where we shall witness a total of 210 students from various batches in both the Basic and Post Basic Bachelor of Science degree programs, receive their certificates from our Honorable Prime Minister.

Congratulations to all the graduates on your academic achievement. As you celebrate your achievements today, take a moment to THANK all who have supported you in your momentous journey. Most importantly, say THANK YOU to your parents and your loved ones, who have prayed and supported you in so many ways. And not forgetting, most of all, THANK your teachers for their guidance and support that contributed towards your successful achievement.

From today onwards, your new journey begins, you shall face a whole new world, the challenges and demands of the real world, where you shall put all your knowledge, skills, values and experiences into practice, and become a new force to contribute towards Bangladesh's continuous growth and success.

Our best wishes and prayers are with you today, tomorrow and the days to come.

Honorable Prime Minister, Distinguished Guests, Ladies & Gentlemen,

Allow me to update you on a couple of notable achievements by the hospital. Firstly, we have now fully digitalized our very own home-grown Patient Management System developed by our very own IT team. The system provides for all data of both clinical and non-clinical information to be documented and stored digitally and electronically, thus the hospital has now become a paper-less hospital, and we are proud to say that the system is 100% accepted and used by all our medical and non-medical staff.

On that note, I would like to thank our Medical Director and Consultant General Surgeon, Dr Razeeb Hassan, for relentlessly leading and spearheading this project. Kudos to you and the IT team and to all that were involved directly or indirectly in the project, a One Dream that was achieved together by all as One Team from the Bangamata Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Specialized Hospital & Nursing College. We shall continue to move towards digital transformation by introducing more innovative initiatives to accomplish the country's Smart Bangladesh Vision 2041, which shall be the next major step towards realizing Bangabandhu's dream of Sonar Bangla, a Golden Bangladesh.

Secondly, the hospital also had a dream of publishing its own Medical Journal, and through the initiative of the hospital's Continued Medical Education (CME) Committee, our hospital's Clinicians has successfully published its FIRST Medical Journal, which we call it as the KPJ Dhaka Medical Science Journal. Congratulations to the members of the CME Committee, led by Dr Chowdury Mohd Parvez, Consultant Gastroenterologist, its members and the contributors to the Journal.

Today, we shall witness the official launching and inauguration of both projects by our Honorable Prime Minister.

I am pleased to also announce that a Direct Observation Treatment Short-Course or DOTS centre, to diagnose and treat tuberculosis disease, has been set up at the hospital, while a Social Welfare Office has also been established to cater for poor patients who may require financial assistance.

To end my speech, I wish to once again welcome all distinguished guests to the 2nd Graduation Ceremony of Bangamata Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Nursing College and take this opportunity to thank and congratulate each and every member of the organizing committee of today's graduation ceremony, for your contributions towards the successful organization of today's event, with Special thanks going to Major General Abdul Hafiz Mallick, Chairman of the Governing Body, and Professor Dr Md Anwarul Islam, Chairman of the organizing committee, who have worked tirelessly to ensure a smooth running of today's event.

But, most of all, I wish to express my heartfelt thanks to our Honorable Prime Minister, Her Excellency Sheikh Hasina, for your presence here today as the Chief Guest, which will definitely be remembered by me and all of us here, and that May Allah bless you with continued good health and ease everything that you do. Aamin Ya Rabbalaalamiin.

On that note, I now end my speech with Wabillahi Taufik Wal Hidayah.. Wassalamualaikum wbt.

# মাননীয় প্রধান অতিথীর বক্তব্য



## শেখ হাসিনা এমপি

মাননীয় প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিসমিল্লাহির রাহ্মানির রাহিম। আজকের এই অনুষ্ঠানের সভাপতি এবং সিইও বঙ্গমাতা ফজিলাতুন্নেছা কেপিজে হসপিটাল এবং নার্সিং কলেজ, গ্রাজুয়েশন স্পিকার, সহকর্মীবৃন্দ, মন্ত্রী পরিষদ সদস্য, সংসদ সদস্য, মেমোরিয়াল ট্রাস্টের সদস্য, আমার সহকর্মীবৃন্দ, নার্সিং কলেজের শিক্ষার্থী বৃন্দ, শিক্ষকবৃন্দ এবং তাদের অভিভাবকবৃন্দ এবং উপস্থিত সুধিমন্ডলী - আস্সালামু আলাইকুম।

শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে নার্সিং কলেজের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে উপস্থিত সকলকে আমার আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি। আমি অত্যন্ত আনন্দিত যে আমি এখানে আজকে আসতে পারলাম। এর আগে আমি ২০১৯ সালের ১৮ই সেপ্টেম্বর প্রথম সমাবর্তনে এসেছিলাম। এরপর আপনারা জানেন যে করোনার জন্য সকলেরই একটু অসুবিধা ছিল । তখন আর আসতে পারিনি। তো আজ আমি আসতে পেরেছি সেজন্য আমি আনন্দিত। সকলের সাথে আমি মনে করি যে এ প্রতিষ্ঠানটি এগিয়ে যাচ্ছে এবং আজকে আমরা অনেকগুলো নার্সকে তাদের স্নাতক ডিগ্রী টা দিতে পারলাম। আমি এজন্য এই প্রতিষ্ঠানকে আন্তরিক ধন্যবাদ জানাই বিশেষ করে শিক্ষক-শিক্ষার্থী এবং সমাবর্তনের সাথে সংশ্লিষ্ট সকলকে আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। বিশেষ করে আমার নতুন গ্রাজুয়েট, তাদের জন্য আমার প্রাণঢালা অভিনন্দন, সাফল্য এবং সুস্বাস্থ্য কামনা করি।

মার্চ মাস আমাদের স্বাধীনতার মাস এবং একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ মাস আমাদের জাতীয় জীবনে। এ মাসে জন্ম নিয়েছিলেন আমাদের মহান নেতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, ১৭ ই মার্চ। ১৯৭১ সালের ৭ ই মার্চ তার যে ঐতিহাসিক ভাষণ, যে ভাষণ আমাদের দেশের মানুষকে উদ্বুদ্ধ করেছিল মহান মুক্তিযুদ্ধে অস্ত্র হাতে তুলে নিতে, আমরা যুদ্ধ করে বিজয় এনেছিলাম। ২৬ শে মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানাই, শ্রদ্ধা জানাই ৩০ লক্ষ শহীদ এবং আমাদের লক্ষ মা বোনদের প্রতি, মুক্তিযোদ্ধাদের জানাই সশ্রদ্ধ সালাম।

মাত্র সাড়ে তিন বছর জাতির পিতা সময় পেয়েছিলেন দেশ গড়ে তোলার। দুর্ভাগ্যের বিষয় ১৯৭৫ সালের ১৫ আগস্ট, আমার তিন ভাই, ভাই বউ সহ পরিবারের ১৮ জন সদস্যকে নির্মমভাবে হত্যা করা হয়। পঁচাত্তরের পনেরোই আগস্টে যারা শাহাদাত বরণ করেছেন, তাদের আত্মার মাগফেরাত কামনা করছি। আজকের এই দিনে আমার বিশেষভাবে মনে পড়ছে আমার মা এর কথা কেননা তার নামে আমার ছোট বোন রেহানা এবং আমি মিলে এই প্রতিষ্ঠান টি প্রতিষ্ঠা করি।

আমার মায়ের অবদান এদেশের স্বাধীনতা সংগ্রামে অপরিসীম। তিনি সবসময় আমার বাবার পাশে ছিলেন। নিজের জীবনের কোনো চাহিদা ছিল না। যেহেতু আমার বাবা বাংলাদেশের মানুষের আর্থ সামাজিক উন্নয়ন এবং অধিকার আদায়ের জন্য স্বাধীনতা সংগ্রামের জন্য তিনি সংগ্রাম করে গেছেন, প্রতিটি সংগ্রামে তার পাশে ছিলেন এবং তার অবর্তমানে সংগ্রাম চালিয়ে যাওয়া বা সংগঠন ধরে রাখার যে কাজটা, তিনি অত্যন্ত দক্ষতার সাথে করে গেছেন। কিন্তু আগস্ট মাসে সবই হারালাম আমরা। আমি আর আমার বোন বিদেশে ছিলাম তাই সেবার বেঁচে গিয়েছিলাম। ছয় বছর আমাদের থাকতে হয়েছিল রিফিউজি আকারে বিদেশের মাটিতে। ১৯৮১ সালে দেশে আসার সুযোগ পেয়েছিলাম।

আর যখন দেশে আসার পর থেকে আমরা কাজ করি এবং আমরা সিদ্ধান্ত নিয়েছিলাম ৩২ নম্বরের আমাদের ওই বাড়িটি এবং যা কিছু পেয়েছি তা দিয়ে একটি ট্রাস্ট করে দেব এবং যেহেতু এ ৩২ নম্বরের বাড়ি থেকে আমার বাবা এদেশের স্বাধীনতার ঘোষণা দিয়েছেন এবং সংগ্রাম করেছেন আর এই বাড়িতে সকলে প্রাণ দিয়েছেন তাই আমরা জনগণের হাতে এ বাড়িটি তুলে দেবার চিন্তা করি এবং একটি ট্রাস্ট গঠন করে সে বাড়িটি আমরা জনগণকে দান করি এবং সেখানে একটি আমাদের ছোট পারিবারিক মিউজিয়ামও করে দিয়েছি যাতে মুক্তিযুদ্ধের ইতিহাস মানুষ জানতে পারে। আর তারই পথ ধরে আমরা সিদ্ধান্ত নিয়েছি আমরা এই ট্রাস্টের মাধ্যমে বিভিন্ন শিক্ষা বৃত্তি দিয়ে থাকি, অনেক দুঃস্থ মানুষকে সাহায্য করা এবং বিশেষ করে একুশে আগস্ট গ্রেনেড হামলায় যারা আহত হয়েছে তাদের পরিবারকে আর্থিক সহায়তা দেওয়া, চিকিৎসা ব্যবস্থা করা এবং এই ধরণের বিভিন্ন সামাজিক কার্যক্রম আমরা এই ট্রাস্টের মাধ্যমে চালিয়ে থাকি। ট্রাস্টের মাধ্যমে হাসপাতালে প্রতিষ্ঠা করেছি। এখানে হাসপাতাল তৈরি করার লক্ষ্য হলো এই অঞ্চলে অনেক শ্রমিক আছে, সাধারণ মানুষ আছে তারা যাতে চিকিৎসা পেতে পারে। আমি অত্যন্ত আনন্দিত যে হাসপাতাল যখন আমরা উদ্ভোধন করি ২০১৩ সালের ১৮ই নভেম্বর মালয়েশিয়ার তদানীন্তন প্রধানমন্ত্রী দাতো নাজিব রাজ্জাক উপস্থিত ছিলেন। আমার ছোট বোন রেহানা বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্টের সহ সভাপতি, মালয়েশিয়ার প্রধানমন্ত্রী এবং আমি, আমরা তিনজন মিলে হাসপাতালটি উদ্বোধন করি। কাজেই আমি মনে করি তখন থেকে হাসপাতালটি এ অঞ্চলের মানুষের জন্য কাজ করে যাচ্ছে এবং সেবা দিয়ে যাচ্ছে। বিশেষ করে নার্সিং; আপনারা জানেন আমাদের দেশে একসময় শুধু ডিপ্লোমা নার্সিং ছিল। নার্সিং এটা সম্পূর্ণ একটি সেবা মূলক কাজ এবং সে গুরুত্বটাই কিন্তু ছিল না এটা বলতে হবে। আর তাছাড়া আজকাল সারাবিশ্বেই নার্সিং এর চাহিদা অনেক বেশি কিন্তু আমাদের দেশে আমরা উন্নতমানের নার্সিং সেবা যেন পায় তার জন্য আমরা সবথেকে বেশি গুরুত্ব দিয়ে গ্র্যাজুয়েট নার্স যাতে হতে পারে তার ব্যবস্থা আমাদের সরকারের পক্ষ থেকে প্রথমই আমরা নিয়েছি। আমি সবসময়ই নার্সিং পেশাকে বিশেষ মর্যাদা দেই এবং গুরুত্ব দিয়ে থাকি। আপনারা জানেন যে মার্কিন যুক্তরাষ্ট্রের একটি গবেষণা প্রতিষ্ঠান এর হিসাব অনুযায়ী ২০২১ সালের মত আবার ২০২২ সালে নার্সিং পেশাকে সবচেয়ে বিশ্বস্ত পেশার খ্যাতি হিসেবে ঘোষনা করেছে।কাজেই এ সেবা হচ্ছে সবচেয়ে বিশ্বস্ত সেবা আর আর আমরা দেখেছি যে কোভিড ১৯ এ আমরা যখন চিকিৎসা সেবা দিচ্ছি তখন জীবনের ঝুকি নিয়ে ডাক্তার, নার্স কীভাবে এ কোভিড আক্রান্ত রোগীদের দিনের পর দিন সেবা দিয়ে গেছে। কাজেই সে জন্য আমি সবসময় নার্সদের প্রতি আমার আলাদা একটা অনুভূতি আছে এবং আমি মনে করি যে শুধু গ্রাজুয়েট না আমাদের এখানে নার্সিং শিক্ষা এবং সেই সাথে সাথে আরও উন্নতমানের। কারন আমি জানি আমি আন্তর্জাতিক ভাবে দেখেছি নার্সিং এর মাধ্যমে অনেকে ডক্টরেট ডিগ্রিও নিয়ে থাকে এবং এটা যে অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সেবাধর্মী এবং আমি মনে করি সব থেকে গুরুত্বপূর্ণ ও সেবা ধর্মী কাজ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার পর আমাদেরকে সংবিধান উপহার দিয়েছেন এবং সেই সংবিধানের জনগণের মৌলিক চাহিদার কথা উল্লেখ ছিল - অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও চিকিৎসা এর মতো বিষয়গুলি রাষ্ট্র নিশ্চিত করবে এটাই ছিল সংবিধানের লক্ষ্য। ৭২ সালের সংবিধানের ১৫ ক অনুচ্ছেদে উল্লেখ রয়েছে, আমি কোট করছি “জীবনধারণের মৌলিক উপকরণের ব্যবস্থা করন” রাষ্ট্রের মৌলিক দায়িত্ব এবং ১৮(১) অনুচ্ছেদে বলা আছে, জনগণের পুষ্টির উন্নয়ন এবং জনস্বাস্থ্য উন্নতি সাধন রাষ্ট্রের অন্যতম প্রাথমিক কাজ হিসেবে গণ্য হবে। রাষ্ট্র এ দায়িত্ব গুলো পালন করবে এ নির্দেশনা আমাদের সংবিধানে স্পষ্ট ভাবে দেয়া আছে। তিনি কিন্তু মাত্র সাড়ে তিন বছরের মধ্যে একটি যুদ্ধবিধ্বস্ত দেশ গড়ে তুলেছেন।

কোন রিজার্ভ মানি নেই, কারেন্সি নোট নেই, খাবার নেই, রাস্তাঘাট সব বন্ধ, ২৭৮ টা রেল ব্রীজ ধ্বংস ২৭০ টা সড়ক ব্রীজ ধ্বংস, স্কুল-কলেজ সবকিছু ধ্বংসপ্রাপ্ত, সে অবস্থায় রাষ্ট্র চালিয়েও কিন্তু এদেশের মানুষের সেবা দেওয়ার জন্য যা যা করা দরকার, অতি অল্প সময়ের মধ্যে তিনি তা করে যান। জাতির পিতা অন্ধত্ব দূরীকরণের জন্য ব্লাইন্ড রিলিফ ডোনেশন অব আই অ্যাক্ট ১৯৭৫ প্রণয়ন করেছিলেন। যারা আমাদের যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, পাকিস্তানি হানাদার বাহিনীর হাতে নির্যাতিতা, তাদের আক্রমণে গ্রামের পর গ্রাম জালিয়ে পুড়িয়ে ছারখার করে, গণহত্যা চালায়, এই গণহত্যার শিকার বিশেষ করে আহত মুক্তিযোদ্ধাদের চিকিৎসা ব্যবস্থা, নির্যাতিত মা বোন যাদের উপর দিনের পর দিন পাকিস্তানি হানাদার বাহিনীর পাশবিক নির্যাতন চালায়, তাদের চিকিৎসার ব্যবস্থা ও পুনর্বাসনের ব্যবস্থা তিনি সেসময় করেছিলেন। পৃথিবীর বিভিন্ন দেশ যেমন সুইজারল্যান্ড, জার্মানি,ভারত আমেরিকা থেকে ডাক্তার নিয়ে এসে চিকিৎসার ব্যবস্থা তিনি করেন। মুক্তিযোদ্ধাদের চিকিৎসার জন্য জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্র চিকিৎসা ও গবেষণা প্রতিষ্ঠান তিনি গড়ে তোলেন। নার্সিং পেশার সম্মান বৃদ্ধি, নার্সিং সেবা ও প্রযুক্তিগত উন্নতির জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও নানামুখী উদ্যোগ গ্রহণ করেছিলেন। কিন্তু  সব কাজ তিনি শেষ করে যেতে পারেননি।

আওয়ামী লীগ সরকার যখন সরকার গঠন করে তখন থেকেই আমরা উদ্যোগ নিয়েছি। যখন ১৯৯৬-২০০১ এ আমরা সরকারে আসি এবং এরপরে ২০০৯ সাল থেকে দ্বিতীয় মেয়াদে ক্ষমতায় আছি। নার্সিং পেশা কে দ্বিতীয় শ্রেণীতে উন্নীত করে দিয়েছি এবং আমাদের ছেলেমেয়েরা যেন এ পেশার প্রতি আকৃষ্ট হয় এবং সবথেকে গুরুত্বপূর্ণ সেবামূলক এ পেশায় আরো বেশি নিবেদিত হয়। সেই সাথে আমাদের আমলে আমরা নার্সের প্রমোশন, চাকরির ব্যবস্থা ব্যাপকভাবে করে দিয়েছি। আমরা এ পর্যন্ত প্রায় ৪০ হাজারের মতো নার্স নিয়োগ দিয়েছি। অনেকের বয়স সীমা ছিল না কিন্তু অভিজ্ঞ নার্স এরকম ১৫ হাজারের মতো নার্সকে আমরা নিয়োগ দিয়েছিলাম যাতে করে তারা সেবা দিতে পারে। সেই সাথে সাথে ট্রেনিং-এর ব্যবস্থা করেছি। মাতৃ স্বাস্থ্যের দিক লক্ষ্য রেখে আমরা মিডওয়াইফ নিয়োগ ও ট্রেনিংয়ের ব্যবস্থা করেছি। কাজেই আমরা সবসময় মানুষের সেবার উপর গুরুত্ব দিয়ে থাকি। তাছাড়া আমাদের দেশে কোন মেডিকেল ইউনিভার্সিটি ছিলনা। বাংলাদেশের প্রথম মেডিকেল ইউনিভার্সিটি আওয়ামী লীগ সরকার ১৯৯৬ এর যখন প্রথম ক্ষমতায় আসে তখনই করে।

আর এখন তো আমরা সিদ্ধান্ত নিয়েছি প্রতিটি বিভাগে আমরা একটি করে মেডিকেল ইউনিভার্সিটি করে দিব। ইতোমধ্যে চারটি মেডিকেল বিশ্ববিদ্যালয় আমরা করে দিয়েছি তাছাড়া আমরা ত্রিশটি নার্সিং ইনস্টিটিউট কে নার্সিং কলেজে উন্নীত করে ৪ বছর মেয়াদী বিএসসি ইন নার্সিং এবং পোস্ট বেসিক কোর্স পরিচালনা করা হচ্ছে। আরো ষোলটি নার্সিং ইনস্টিটিউট কে নার্সিং কলেজে উন্নীতকরণ প্রক্রিয়াধীন আছে।

সরকারি পর্যায়ে ৬৯ টি নার্সিং ও মিডওয়াইফারি প্রতিষ্ঠানে ডিপ্লোমা বিএসসি ও পোস্ট বেসিক এর ব্যবস্থা করা হয়েছে এবং উচ্চশিক্ষার গবেষণার জন্য প্রতিষ্ঠা করা হয়েছে। বর্তমানে সরকারি শূন্য পদের বিপরীতে সিনিয়র স্টাফ নার্স নিয়োগ প্রক্রিয়া চলমান।

আর নতুন পদ সৃজন চলমান আছে। আমরা এর সাথে সাথে বেসরকারি খাত কেউ উৎসাহিত করছি এবং তাদেরকে সুযোগ করে দিয়েছি তারা বেসরকারিখাতে যেসব হাসপাতাল করছে সেখানে নার্সিং ট্রেনিং এর উপর গুরুত্বারোপ করছি। কাজেই নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান সমূহে আসন সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। শিক্ষার মান উন্নয়ন, দক্ষ শিক্ষক প্যানেল তৈরি ও প্রতিষ্ঠান শিক্ষক পদায়ন করেছি। নার্সিং ও মিডওয়াইফারিদের দক্ষতা ও জ্ঞান উন্নয়নে জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে বিষয়ভিত্তিক বিভিন্ন ট্রেনিং কার্যক্রম অব্যাহত আছে। পৃথিবীর বহু দেশে আপনারা জানেন নার্সিং এর ব্যাপক চাহিদা।

তবে আমাদের দেশে এত জনসংখ্যা বেশি, আমাদের প্রতিটা জেলা, উপজেলা এবং কমিউনিটি ক্লিনিক মাতৃসেবা প্রতিষ্ঠান রয়েছে। সবক্ষেত্রে আমাদেরই অনেক বেশি নার্সের দরকার। তারপরও আমি বলব কেউ যদি ভালো শিক্ষা নিয়ে এবং যেসব দেশে নার্সের দরকার সেসব দেশের ভাষাটা শিখে নিয়ে অনেকেই কিন্তু বিদেশে চাকরি করতে পারেন, সেই সুযোগটাও রয়েছে। নার্সিং পেশার চাহিদা এত বেশি। কিন্তু আমি বলব দেশের মানুষের সেবাটা আগে দিতে হবে।

সম্মানিত অতিথিবৃন্দ, আওয়ামী লীগ সরকার সবসময় জনগণের সেবা করে এবং আমরা আমাদের সময়োচিত পদক্ষেপগুলো গ্রহণ করি। ২০০৯ থেকে ২০২৩ এর বাংলাদেশ, অত্যন্ত দাবি করে আমরা বলতে পারি বাংলাদেশ কে আমরা বদলে দিতে পেরেছি। আজকের বাংলাদেশ হল ডিজিটাল বাংলাদেশ, ঘরে ঘরে বিদ্যুৎ, শিক্ষার হার বৃদ্ধি পেয়েছে, মাতৃমৃত্যুর হার কমেছে, শিশু মৃত্যুর হার কমেছে, স্বাস্থ্যসেবা জনগণের দ্বোরগোড়ায় পৌঁছে দিয়েছি, কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে ৩৫ ধরনের ঔষধ আমরা বিনে পয়সায় মানুষকে দিয়ে থাকি এবং সেই সাথে আমরা এটাও সিদ্ধান্ত নিয়েছি যে ইনসুলিন টাও আমরা বিনে পয়সায় দিয়ে দিব যাতে ডায়াবেটিস রোগের থেকে মানুষ মুক্তি পায় সে ব্যবস্থা করব।

আন্তর্জাতিকভাবে অনেক স্বীকৃতি পেয়েছি। টিকাদান কর্মসূচির মাধ্যমে আমরা পোলিও নির্মূল করতে সক্ষম হয়েছি। ভিটামিন-এ, আমরা দিচ্ছি মাতৃকালীন সেবা, মাতৃকালীন দরিদ্র মায়েদের জন্য ভাতার ব্যবস্থা, ল্যাকটেটিং মাদার বা কর্মজীবী মায়েদের জন্য ভাতা, স্বামী কর্তৃক নিগৃহীতা বা বয়স্ক ভাতার মতো কর্মসূচির ব্যবস্থা, বিভিন্নভাবে সহযোগিতা মূলক কার্যক্রম পরিচালনা করে যাচ্ছি। করোনাকালে শিল্প-কারখানাগুলো যেন চলতে পারে তার জন্য বিশেষ প্রণোদনার ব্যবস্থা করেছি যার কারণে আমাদের কৃষি শিল্প সর্বক্ষেত্রে সর্বস্তরের মানুষ আর্থিক সহযোগিতা পেয়েছে। তাছাড়া ইউক্রেন যুদ্ধের পর সারাবিশ্বব্যাপী মূল্যস্ফীতি যার ফলে আমরা অধিক দামে খাদ্য ক্রয় করে অল্প দামে সাধারণ মানুষের কাছে পৌঁছে দিচ্ছি এবং যারা একেবারেই কর্মহীন আপনারা জানেন তাদের জন্য আমরা বিনা পয়সায় খাবার দিচ্ছি।

প্রায় এক কোটি বিশেষ পারিবারিক কার্ড করে দিয়েছি যার ফলে ৩০ টাকা কেজি চাল এবং সেই সাথে তেল ডাল সহ অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী ভর্তুকি মূল্যে আমরা দিয়ে থাকি আমাদের দেশের মানুষের জন্য। কৃষিকাজে ব্যাপকভাবে ভর্তুকি আমরা দেই। এমনকি আমাদের বিদ্যুতের দামেও কিন্তু ভর্তুকি দেওয়া হয়। এভাবে আমরা সেবা করে যাচ্ছি। এভাবে নিজের দেশে খাদ্য উৎপাদন করে নিজেদের আমিষের ব্যবস্থা করে পুষ্টি নিশ্চয়তা ও নিরাপত্তার লক্ষ্যে আমরা কাজ করে যাচ্ছি। কাজেই আমরা ইতোমধ্যে জাতীয় স্বাস্থ্য নীতি ২০১১ প্রণয়ন করে তা আমরা বাস্তবায়ন করে যাচ্ছি। সার্বজনীন স্বাস্থ্যসেবা বাস্তবায়নে এ পদক্ষেপ আমরা নিয়েছি। বাংলাদেশের ৩২ টি স্নাতকোত্তর চিকিৎসা প্রতিষ্ঠানের মধ্যে ২২ টিই আমাদের সরকারের সময় করা। ২০০৯ থেকে ২০১৪ সালে সরকারি মেডিকেল কলেজে মাত্র ১৪০০ ছাত্র-ছাত্রী ভর্তির সুযোগ পেত। গত ১৪ বছর আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর এই সুযোগও আমরা বৃদ্ধি করেছি। বর্তমানে ৪০০০ এর অধিক ছাত্র-ছাত্রী মেডিকেল কলেজে ভর্তি হতে পারছে। ৪৭টি প্রাইভেট মেডিকেল এবং ডেন্টাল কলেজ স্থাপন করা হয়েছে। মানসম্পন্ন শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে পাঁচটি মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। ১৯৯৮ সালে আমরাই দেশে প্রথম মেডিকেল বিশ্ববিদ্যালয় গড়ে তুলেছিলাম সেটাকে আমরা আগে উন্নতমানের করে দিচ্ছি এবং সেটিকে আমাদের জন্য সবদিকে ভালো চিকিৎসার, ট্রেনিং-এর এবং গবেষণার জন্য সবচেয়ে বড় প্রতিষ্ঠান হিসেবে আমরা গড়ে তুলেছি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় কে। আমাদের সবসময় মনে রাখতে হবে, আজকে যারা গ্রাজুয়েট হলেন এবং ডিগ্রি পেলেন, মনে রাখতে হবে জনগণের সেবা দেওয়া, চিকিৎসকের ওষুধ পত্র খেয়ে একজন রোগী যতটা সুস্থ হয়, ডাক্তারদের কাছ থেকে সহানুভূতি এবং নার্সদের সেবা পেয়ে তার থেকে বেশি সুস্থ হয়ে ওঠে। তাদের ভেতর একটি আত্মবিশ্বাস জেগে ওঠে। তাই আমি বলবো আজকে যারা চার বছর কঠোর অধ্যবসায়ের ফসল হিসেবে আপনারা যারা স্বীকৃতি পেয়েছেন তারা নিশ্চয়ই জনগনের সেবায় নিবেদিতপ্রাণ হয়ে কাজ করবেন।

আমি একটু আপনাদেরকে স্মরণ করাতে চাই লেডি উইথ দ্য ল্যাম্প উপাধিতে ভূষিত বিশ্বের খ্যাতনামা নার্স ফ্লোরেন্স নাইটিঙ্গেলের কথা। তিনি কিন্তু নিজের জীবনকে উৎসর্গ করেছিলেন মানুষের সেবা করতে। তখনকার দিনে তো এত বিদ্যুৎ ছিল না। একটা ল্যাম্প জ্বালিয়ে নিয়ে মানুষের ঘরে ঘরে গিয়ে সেবা দিতেন। আজ আমাদের আর কুপিবাতি নিয়ে চলতে হবে না। বিদ্যুৎ আমরা দিয়ে দিয়েছি প্রত্যেক ঘরে ঘরে। আজকের স্নাতক ডিগ্রিধারী নার্স সেবার ব্রত নিয়ে আপনাদের অর্জিত জ্ঞান আপনার কর্ম ক্ষেত্রে প্রয়োগ করবেন। আজ সকল ক্ষেত্রে বাংলাদেশ যখন এগিয়ে যাচ্ছে, এক্ষেত্রেও দেশ এগিয়ে যাক সেটাই আমি চাই। আর তাছাড়া যারা আমাদের দেশে আরো যুবসমাজ আছেন তারা আরো আগ্রহী হবে এই নার্সিং সেবা এবং নার্সিং শিক্ষাগ্রহণ করতে। কারণ নার্সিং শিক্ষা গ্রহণ করায় শুধু দেশে নয় বিদেশেও কর্মসংস্থান হবে এবং উন্নত সেবা দিয়ে মানুষকে জয় করে নিজেরও একটি আত্মতৃপ্তি আসবে। তাই আমি আহবান করব যে তারা যেন আরো এগিয়ে আসেন মানুষের সেবায়।

আমি সকলকে আন্তরিক অভিনন্দন জানাই এবং আজকে এখানে আসতে পেরে আমি সত্যিই আনন্দিত। আমি সকল স্নাতক কে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি এবং সকলের সাফল্য কামনা করছি। আর সাথে সাথে এই নার্সিং কলেজের সার্বিক সাফল্য কামনা করি। আমাদের আরেকটা পরিকল্পনা আছে যে আমরা হাসপাতালের সাথে যেহেতু নার্সিং কলেজ আগেই করে দিয়েছি আমরা একটা মেডিকেল কলেজ এখানে স্থাপন করব। জায়গা আমাদের নেওয়া আছে তবে এখানে আর্থিক বিষয়টাতে আপনারা জানেন আমাদের একটা ট্রাস্টের মাধ্যমে যেহেতু করি আমাদের একটু আর্থিক সংশ্লিষ্টতা দরকার। সেদিকে আমরা রীতিমতো ব্যবস্থা নিচ্ছি। কাজেই আমরা প্ল্যান করে ফেলেছি এবং আর্থিক সঙ্গতি টা আসলেই এখানে আমরা মেডিকেল কলেজ করে দিব যাতে এই অঞ্চলের মানুষ গুলি সেবা পায়। আর বিশেষ করে এই এলাকায় আপনারা জানেন অনেক দরিদ্র মানুষ বিশেষ করে শ্রমিকশ্রেণী আছে সেজন্য আমরা ট্রাস্ট থেকে অর্থ দিয়ে আলাদা একটি ফান্ড তৈরি করে দিয়েছি একেবারে যারা দুঃস্থ তাদের সেবা দেওয়ার জন্য। কাজেই আমি মনে করি যে সেবা দেওয়া টাই হচ্ছে আমাদের কাজ। তো আপনারা সবাই ভালো থাকেন। আমি মনে করি বাংলাদেশের নার্স সারা বিশ্বে একসময় মর্যাদার আসন পাবে এবং আমরা বাংলাদেশের আরো এগিয়ে নিয়ে যেতে পারবো। সকল ক্ষেত্রে বাঙালি এগিয়ে যাক এবং মাথা উঁচু করে বাঁচুক। বাংলাদেশকে আমরা ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ বাংলাদেশ হিসেবে গড়ে তুলবো যে দেশের স্বপ্ন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেখেছিলেন। সবাইকে ধন্যবাদ জয় বাংলা জয় বঙ্গবন্ধু। বাংলাদেশ চিরজীবী হোক।

**সবাইকে ধন্যবাদ**
**জয় বাংলা, জয় বঙ্গবন্ধু**
**বাংলাদেশ চিরজীবী হোক।**



# Graduation Speech

**Pro. Emeritus Dato' Dr. Lokman Saim**
Vice Chancellor Kpj Healthcare University
Malaysia

**Norhaizam Binti Mohammad**
President of KPJHB
Malaysia



অনিবার্য কারণ বসত দাতো ডা. লোকমান সায়েম ২য় স্নাতক সমাপনী অনুষ্ঠানে উপস্থিত হতে পারেন নি। তার পরিবর্তে কেপিজে হেলথকেয়ার বারহাদের সম্মানিত President, ম্যাডাম নরহাইজাম বিনতি মোহাম্মদ সমাবর্তন বক্তব্য রাখেন।

BISMILLAHIRRAHMANIRRAHIIM....
HER EXCELLENCY SHEIKH HASINA,
HONORABLE PRIME MINISTER OF THE GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH & PRESIDENT OF THE FATHER OF THE NATION BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN MEMORIAL TRUST

Respected MR. ZAHID MALEQUE
Minister of Health and Family Welfare
Respected MAJOR GENERAL ABDUL HAFIZ MALLICK, PSC (rtd)

Chairman of the Governing Body, Bangamata Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Nursing College, and member of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman Memorial Trust

ENCIK MOHD TAUFIK BIN ISMAIL
Chief Executive, Bangamata Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Specialized Hospital & Nursing College Respected Cabinet Members of the Government of the People's Republic of Bangladesh, members of the parliament Her Excellency Haznah Binti Md Hashim, High Commissioner of Malaysia to Bangladesh

Tn Hj Khairuddin bin Jaflus, member of the Board of Directors KPJ Healthcare Berhad, Malaysia

Puan Norhaizam Binti Mohammad, Chairman, KPJ Dhaka Pte Limited and President, KPJ Healthcare Berhad, Malaysia programme. For your sacrifices and support, I encourage the graduates to stand and applaud you for your unerring support.

Our proud graduants,

Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Nursing College was inaugurated on 8th April 2015. I had the opportunity to witness that historic event, which was blessed by the Honourable Prime Minister, Sheikh Hasina. I was also fortunate to be present at the graduation ceremony of the first batch in 2019, which was also graced by the Honourable Prime Minister, Sheikh Hasina. I feel so privileged to see the Honourable Prime Minister again at this 2nd graduation ceremony today. This shows your love and commitment towards a noble cause, thank you, Honourable Prime Minister.

Today, we are celebrating the graduation of a total of 210 graduants. It is a testimony to the continuous success of this Nursing College in the training of nurses for the community. All of you are still considered as the pioneering batches of your College. In any new institution, the pioneering batches are the flag-bearers and the standard-setters for the rest of the batches to follow. You all have done very well, congratulations!

Dear graduants,

Welcome to nursing. There is a quote that says, you save one life, you are a hero. You save 100 lives, you are a nurse. Indeed, saving lives is a great deed, as mentioned in the Holy Quran: "And whoever saves a life it is as though he had saved the lives of all mankind" (5:32).

There is no more worthwhile profession than yours, because you save lives. By completing your degree, you became qualified healthcare professionals like doctors, pharmacists, physiotherapists, dieticians and many others who take care of the health of our community. It is a noble profession and you’re now ready to take on that role.

I am a doctor, an ENT surgeon, specialized in otology (ear diseases) and neuro-otology (diseases bothering the ear and the brain related to hearing and balance). I perform ear surgery in the operation theatres and I care for my patients in the clinics and the wards. But, you know what?

Members of the Board of Directors and the Board of Management of Bangamata Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Specialized Hospital & Nursing College

Members of the Governing Body of Bangamata Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Nursing College

Consultants, Management & staff of Bangamata Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Specialized Hospital & Nursing College

Graduands, their parents and guardians
Members of the Media
Distinguished Guests, Ladies and Gentlemen

ASSALAMUALAIKUM WBT
SHUBHO SHOKAL
SELAMAT PAGI &
A VERY GOOD MORNING TO ALL

I stand before you all here today, feeling humbled but most honoured to be delivering this address as we proudly celebrate the graduation of graduants from Bangamata Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Nursing College. I would like to thank the organisers for requesting me, once again, to speak on such a memorable day for the graduants, their family and friends, and the College.

Congratulations, dear graduants, from Sheikh Fazilatunnesa Mujib Memorial KPJ Nursing College. You have gone through a tedious academic and professional journey, one that can only be successfully completed through hard work, diligence and determination. You all went through further additional challenges, as you and the whole world faced the Covid19 pandemic, during your study. But you persevered and you were successful. You deserve an applause.

I am sure that a vast majority of the audience gathered here are families, friends, and loved ones of the graduates. The first acknowledgement I wish to make is to the parents and guardians for their sacrifices and endless hours of advice and support the families gave to our nursing students as they went through the A doctor like me cannot claim that I am totally responsible for the good care and outcome of my patients and clients.

I read you a quote from Dag Hammarskjold: "Constant attention by a good nurse is just as important as a major operation by a surgeon". And in my practice of otology, not only the nurses, but other healthcare professionals such as the audiologists, speech therapists and other rehabilitation professionals are involved in the management of the patients. Nowadays, we should always practice an integrated team approach to healthcare. Planning and management of a health problem are a collaborative, multidisciplinary approach. As much as I always try to encourage collaboration and multidisciplinary team-work, I urge all our new graduants nurses to actively participate in the management of patients during the ward rounds and bed-side care.

You should come forward, realize your dreams of becoming a professional nurse, state your opinion, share your knowledge and skills and put into practice what you have learned. Even if you have to state your personal opinion against the ideas of the most feared medical consultant in the hospital, please do so.  In a multidisciplinary team, every opinion should be valued to make the best plan for the patient. I understand, there may be challenges along the way. There are times when your character may be tested, sometimes by your seniors but more often by doctors and medical consultants who are not appreciative of your skills and contribution, who brush aside your ideas and opinions, and in the extreme, make you feel ridiculed. But great nursing often requires that you exert strong advocacy. Take them as challenges that give you a pinch of aspiration to do your job better. I believe graduants nurses of Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Nursing College are a new breed of nurses who can live up to the expectation of the new era of multidisciplinary patient-care. You have been well trained in a hospital environment that has the same aspiration and mission, that is to give the best in patient-care and to be excellent in healthcare education. Hospitals like this, the Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Specialized Hospital & Nursing College, integrates excellent healthcare services and healthcare education.

Ladies and gentlemen,
Indeed, this is exactly what is advocated at all KPJ Specialist Hospitals throughout Malaysia, Indonesia and of course Bangladesh. Even as a private hospital, it cannot put aside the responsibility to teach and train the next generation of healthcare professionals including nursing, pharmacy and even doctors and medical specialists. The current trend in the world is for greater integration of learning, research, and health-care practice in all hospitals, including the private hospitals. In this way, no matter where we are practicing, we will not only provide the best health services, but will be training healthcare professionals and carrying out research for better healthcare. At KPJ Healthcare University in Malaysia, a significant milestone in the history of medical specialist training in Malaysia was achieved when the first private specialist training program at KPJ Healthcare private hospitals was approved by the Ministry of Higher Education in November 2012.   This postgraduate clinical training is delivered through innovative training structure as it is delivered in private hospitals, supervised by private medical consultants. We have certainly proved that private hospitals are capable of providing excellent patient-care and contributing to quality training and education all the time. To date, seven other Specialists training programme have been approved and started. This provides the opportunity for private medical consultants to participate and contribute in the training of medical specialists in Malaysia. I believe, these programmes which we started at the School of Medicine KPJ Healthcare University, can similarly be introduced at the Sheikh Fazilatunneesa Mujib Memorial KPJ Specialized Hospital and Nursing College in the near future.

Dear All,

It is also pertinent that the hard work and tireless efforts of the teachers be greatly appreciated by all of us, at this graduation ceremony. From the principal to the lecturers, doctors and support staff, all played key roles in supporting and assisting the nursing students throughout the school years. Thank them individually, when you have the opportunity. Make them feel special and appreciated.


They are indeed special. The teachers have made a nurse. They have taught them to become a caring nurse. Therefore, at this juncture, I would also like to remind graduants that when you are working in the hospitals, it is time for you to give back to your juniors, the nursing students who will be asking you for advice and guidance. It is now your responsibility to help them, train them as much as your teachers have given their selfless efforts in training you. Nursing is a noble profession. A nurse who also teaches is a blessed nurse as quoted in a Hadith from our Prophet Mohammed S.A.W., "When a man dies, his deeds come to an end except for three things: Sadaqah Jariyah (ceaseless charity), knowledge which is beneficial, or a virtuous descendant who prays for him… (Sahih Muslim).

Honourable Prime Minister, graduants, ladies and gentlemen,

As I conclude my speech I once again would like to thank the School of Nursing for giving me the opportunity to address our graduants on this memorable day. Thank you, Honorable Prime Minister, Sheikh Hasina, for listening.
I will end by quoting the following: Nursing is not just medical knowledge, changing a dressing or even knowing how to read the cardiac monitors. It is so much more. It is truly caring, helping when one cannot do it on his own. It is reaching out, holding a patient's hand to let him or her know you are there. It is listening, as your patient share his fears or joys. It is sharing a smile or even a drop of tear. It is not passing judgement, but instead, setting aside your personal view on race, colour and religion - and delivering the best care you know. Nursing draws love, when you think you have no more to give.

Lastly, to our graduants, as you all stand here today for your graduation – you may also be pondering what the future holds for you – some of you may specialize in trauma, cardiac, renal, midwifery – others may go for further studies, a few may enter a whole new profession. No matter what may be in store for you, you all are special, for having travelled this journey at the Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Specialized Hospital and Nursing College – the pride of your Honourable Prime Minister, and I believe the pride of your nation and your beautiful country, Bangladesh. Congratulations!

# স্নাতক প্রতিনিধির বক্তব্য




**এনামুল হক**
ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং
সেশন- (২০১৫/২০১৬)


আজকের এই মহতী অনুষ্ঠানের প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ও বঙ্গবন্ধু কন্যা, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের সম্মানিত সভাপতি জননেত্রী শেখ হাসিনা। বিশিষ্ট অতিথিবৃন্দ, সম্মানিত অভিভাবকবৃন্দ, সম্মানিত শিক্ষক-শিক্ষিকা বৃন্দ ও আমার সকল সতীর্থ, আসসালামুয়ালাইকুম। আমি এই কলেজের ২য় ব্যাচের একজন গর্বিত প্রাক্তন ছাত্র।

আমি বর্তমানে মাউন্ট ভিউ নার্সিং কলেজে একজন প্রভাষক হিসেবে কর্মরত। আমি আজ যা কিছু হয়েছি তাঁর সব কৃতিত্ব এই কলেজের। এই কলেজের প্রাণ-প্রিয় শিক্ষকমণ্ডলী, আমি আপনাদের প্রত্যেককে ধন্যবাদ জানাই, আপনারা এই কলেজটিকে অনেক ত্যাগ-তিতিক্ষার বিনিময়ে আজকের এই অবস্থানে নিয়ে এসেছেন। মাননীয় প্রধানমন্ত্রী, আপনি নার্সিং পেশাকে দ্বিতীয় শ্রেণিতে উন্নীত করেছেন। নার্সদের সম্মান অক্ষুণ্ন রাখার যে প্রয়াস জাতির পিতা শুরু করেছিলেন, আপনি তা বজায় রেখেছেন। এজন্য আপনার প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমার পরিবারের আমিই প্রথম স্নাতক। আমি আমার বাবা-মাকে এজন্য ধন্যবাদ জানাতে চাই। তাঁরা আমাকে উৎসাহিত করেছেন এবং সমর্থন দিয়েছেন।

প্রিয় এলামনাই,

শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল ও নার্সিং কলেজ আমাদেরকে নার্স হিসেবে প্রস্তুত করেছে। চলুন শপথ নেই, আমরা আমাদের প্রিয় কলেজের সুনাম আমাদের কর্মের মাধ্যমে আরও যেন শাণিত করে তুলতে পারি। আমরা আমাদের সেবার মাধ্যমে এই প্রতিষ্ঠানের কীর্তিনামা অক্ষুন্ন রাখবো এই প্রতিজ্ঞা আজ তাই আমাদের সকলের। চলুন প্রতিজ্ঞা করি - সেবাই যেন হয় আমাদের ব্রত। আজ এখানে যাঁরা উপস্থিত আছেন আপনারা সকলে আমাদের জন্য দোয়া করবেন। আমরা যেন মানবিক মূল্যবোধের প্রতীক হতে পারি।

**আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহ্।**

১৫ ই মার্চ ২০২৩। শেখ ফজিলাতুন্নেসা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল ও নার্সিং কলেজের জন্য এক অবিস্মরণীয় অধ্যায় রচনার দিন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়ার অত্যন্দ্র প্রহরী, বিশ্ব শান্তি ও অগ্রযাত্রার রোল মডেল গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি এদিন পা রাখেন বঙ্গমাতা ফজিলাতুন্নেসা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল ও নার্সিং কলেজের আঙ্গিনায়।



জাতির  পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের সভাপতি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এম.পি কে শেখ ফজিলাতুন্নেসা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালে বরণ করে নেন কেপিজে হেলথকেয়ার বারহাদের সম্মানিত পরিচালক জনাব খাইরুদ্দিন বিন জাফলুস, কেপিজে হেলথকেয়ার বারহাদের প্রেসিডেন্ট নরহাইজাম বিনতি মোহাম্মদ, হাসপাতালটির মুখ্য নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ তওফিক বিন ইসমাইল এবং হাসপাতালের উর্ধ্বতন কর্মকর্তা বৃন্দ।



মোহাম্মদ মোরসালীন মোল্লা, বয়সঃ ০৯ বছর। শেখ ফজিলাতুন্নেসা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালে জন্ম নেওয়া প্রথম শিশু যে কিনা বর্তমানে ২য় শ্রেনির একজন শিক্ষার্থী, বিশ্ব শান্তির দূত জননেত্রী শেখ হাসিনা কে ফুলেল শুভেচ্ছায় সিক্ত করে।



গণতন্ত্র, বিশ্বশান্তি আর উন্নয়নের আলোকবর্তিকাবাহী প্রিয় প্রধানমন্ত্রী কে সশ্রদ্ধাভরে স্বাগত জানান অত্র হাসপাতালের নার্সিং পেশায় নিয়োজিত সেবা কর্মীগণ। যার হাত ধরে অবহেলিত নার্সিং পেশা আজকে এক অনন্য মর্যাদার আসনে অধিষ্ঠিত হয়েছে এবং দেশ বিদেশে নিজের ও দেশের সুনাম বৃদ্ধি করে চলেছে, সেই প্রিয় প্রধানমন্ত্রী এবং নার্সিং পেশার মহান অভিভাবককে অবনত হৃদয়ে আমরা শ্রদ্ধা এবং সম্মান জানাই।



# শেখ হাসিনা ঃ সোনার বাংলার রুপকার।

"প্রত্যন্ত অঞ্চলের হাসপাতাল গুলোকেও ডিজিটাল মাধ্যমে যুক্ত করতে হবে যেন কেবল বড়লোকেরাই নয়, সকলেই স্বাস্থ্যসেবার আওতায় আসে"- জননেত্রী শেখ হাসিনা

স্বাস্থ্যসেবা সাধারণ মানুষের দোর গোরায় নিশ্চিত করার লক্ষ্যে ১৯৯৬ সালে সমগ্র বাংলাদেশে প্রতি ৬০০০ জন মানুষের বিপরীতে একটি করে ক্লিনিক হিসেব করে ১১,০০০ কমিউনিটি ক্লিনিক নির্মাণ করা হয়। তার অসামান্য নিরলস প্রচেষ্টার নিমিত্তে মাতৃ মৃত্যু এবং শিশু মৃত্যুর হার যেমন কমেছে ঠিক তেমনি প্রান্তিক পর্যায়ে জনসাধারণ বিশেষ করে মেয়েরা স্বাস্থ্যসেবা পাচ্ছে। উক্ত অর্জনের স্বীকৃতি হিসেবে আমরা পেয়েছি এমডিজি ডেভেলপমেন্ট গোল এবং সাউথ সাউথ এওয়ার্ড এর মতো প্রেস্টিজিয়াস এওয়ার্ড। সম্প্রতি প্রান্তিক পর্যায়ে স্বাস্থ্যসেবা পৌঁছে দেয়ার রোল মডেল হিসেবে কমিউনিটি ক্লিনিক জাতিসংঘের স্বীকৃতি পেয়েছে।



অনুষ্ঠানের শুরুতে জাতীয় সংগীত পরিবেশিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী সহ আমন্ত্রিত অতিথিবৃন্দ দাড়িয়ে জাতীয় সংগীতের প্রতি সম্মান প্রদর্শন করেন।






অনুষ্ঠানের শুরুতে মহান সৃষ্টিকর্তার প্রতি আনুগত্য এবং কৃতজ্ঞতা প্রকাশ করে পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ করা হয়। এতে অংশ গ্রহণ করে অত্র প্রতিষ্ঠানের বিভিন্ন বর্ষের ভিন্ন ভিন্ন ধর্মাবলম্বী ছাত্রছাত্রী বৃন্দ।








**শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে নার্সিং কলেজের ২য় স্নাতক সমাপনী অনুষ্ঠানের প্রাড়ম্ভে দেশাত্মবোধক গানের সাথে মনোজ্ঞ নৃত্য পরিবেশণ করে অত্র কলেজের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীবৃন্দ।**



শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে নার্সিং কলেজের জন্য ১৫ মার্চ ২০২৩ ছিল এক ঐতিহাসিক দিন। এদিন অত্র কলেজের দ্বিতীয় স্নাতক সমাপনী অনুষ্ঠান কলেজ প্রাঙ্গণে অত্যন্ত জাঁকজমকপূর্ণভাবে সম্পন্ন হয়। সমগ্র ক্যাম্পাস আনন্দ, উল্লাস ও প্রাপ্তির আনন্দে মুখরিত হয়ে উঠেছিল। এই কলেজের প্রথম স্নাতক সমাপনী অনুষ্ঠান হয়েছিল ১৮ সেপ্টেম্বর ২০১৯। গতবারের ন্যায় এবারও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি নিজ হাতে স্নাতকদের হাতে তাদের সনদপত্র তুলে দেন। এবার মোট ২১০ জন স্নাতক ডিগ্রি সম্পন্নকারী শিক্ষার্থী প্রধানমন্ত্রীর হাত থেকে সনদপত্র গ্রহণ করেছেন।















স্নাতক পরীক্ষায় সফলতার সাথে উত্তীর্ণ হবার পাশাপাশি কলেজের কয়েকজন শিক্ষার্থী বছরব্যাপী কারিকুলার, এক্সট্রা-কারিকুলার, এবং ক্লিনিক্যাল প্র্যাকটিসসহ সকল ক্ষেত্রেই তাঁদের অসামান্য মেধা ও কৃতিত্বের স্বাক্ষর রেখেছেন। তারই স্বীকৃতিস্বরূপ বেসিক বিএসসি ইন নার্সিং থেকে তিনজন স্নাতক প্রধানমন্ত্রী পদক পেয়েছেন। তাঁরা হলেন - ফাহিমা খাতুন (সেশন -২০১৫-২০১৬) - মো. রাব্বি (সেশন - ২০১৬ - ২০১৭) সাদিয়া ইসলাম মানসুরা (সেশন - ২০১৭-২০১৮)। অন্যদিকে, পোস্ট বেসিক বিএসসি ইন নার্সিং থেকে প্রধানমন্ত্রী পদক পেয়েছেন হাজেরা খাতুন (সেশন-২০১৭-২০১৮), ফরিদা পারভিন (সেশন-২০১৮-২০১৯), এবং আদলিনা পি. বৈদ্য (সেশন-২০১৯-২০২০)













চিকিৎসক এবং দেশের চিকিৎসা ব্যবস্থার উন্নয়নের জন্য গবেষণার কোন বিকল্প নেই। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এই সত্য উপলব্ধি করে ১৯৭২ সালে বাংলাদেশ মেডিকেল রিসার্চ কাউন্সিল প্রতিষ্ঠা করেন। চিকিৎসকদের কে গবেষনায় উৎসাহিত করবার জন্য ২০২১-৪১ প্রেক্ষিত পরিকল্পনায় চিকিৎসা ক্ষেত্রে গবেষণায় সরকার অন্যতম গুরুত্তারোপ করেছে। শেখ ফজিলাতুন্নেসা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল মাননীয় প্রধানমন্ত্রীর স্বাস্থ্য খাতে গবেষনার এই যুগোপযুগি চিন্তাধারার সাথে তাল মিলিয়ে নিজস্ব মেডিকেল জার্নালের কাজ শুরু করে ২০২২ সালের এপ্রিলে। দীর্ঘ প্রায় ১ বছরের নিরলস প্রচেষ্টার পর আমরা আমাদের মেডিকেল জার্নালের প্রথম প্রকাশিত সংখ্যাটি মাননীয় প্রধানমন্ত্রীর হাতে তুলে দেই। জার্নালের প্রথম সংখ্যাটি মাননীয় প্রধানমন্ত্রীর হাতে তুলে দেন কেপিজে ঢাকা জার্নাল অব মেডিকেল সায়েন্স এর এডিটোরিয়াল প্যানেলের উপদেষ্টা স্বনামধন্য চক্ষু রোগ বিশেষজ্ঞ অধ্যাপক ডাঃ দীন মোহাম্মদ নুরুল হক। শেখ ফজিলাতুন্নেসা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালের ইতিহাসে আজকের এই দিন এক সোনালী অধ্যায় হিসেবে লিখা থাকবে কেননা প্রজাতন্ত্রের সর্বোচ্চ ব্যক্তির আশির্বাদপুষ্ট হয়ে কেপিজে ঢাকা জার্নাল অব মেডিকেল সায়েন্স তার আনুষ্ঠানিক পথচলা শুরু করলো।




বাংলাদেশ সিকিউরিটি এক্সচেঞ্জ কমিশনের সম্মানিত কমিশনার শেখ শামসুদ্দিন আহমেদ চক্ষুরোগ নির্ণয় এবং আধুনিকতর চিকিৎসা সেবা নিশ্চিত করবার লক্ষে শেখ ফজিলাতুন্নেসা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালের জন্য একটি স্লিট ল্যাম্প এবং অপারেটিভ মাইক্রোস্কপ হস্তান্তর করেন। মাননীয় প্রধানমন্ত্রী নিজে তা গ্রহণ করেন এবং তা হাসপাতাল কর্তিপক্ষের কাছে হস্তান্তর করেন।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের স্বনির্ভর বাংলাদেশ গড়ে তোলার অনন্য পদক্ষেপ হিসেবে জননেত্রী শেখ হাসিনা নিরলস কাজ করে যাচ্ছেন স্বাস্থ্য ব্যবস্থার ডিজিটালাইজেশন এবং ই রেকর্ডিং এর উপর। তার এই প্রচেষ্টার ঐকতান হিসেবে শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালের নিজস্ব পেশেন্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার এবং ওয়েবসাইট তৈরী করে সম্পূর্ণ নিজস্ব জনবল দিয়ে। মাননীয় প্রধানমন্ত্রীর হাত ধরে শুভ উদ্বোধনের মাধ্যমে আনুষ্ঠানিক যাত্রা শুরু করে আমাদের পেশেন্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার এবং হাসপাতাল ওয়েবসাইট।









## শেখ ফজিলাতুন্নেসা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল কর্তৃপক্ষের সাথে মাননীয় প্রধানমন্ত্রীর একটি আলোকচিত্র।



শেখ ফজিলাতুন্নেসা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালের কর্মরত সকল বিশেষজ্ঞ চিকিৎসকগণের সাথে মাননীয় প্রধানমন্ত্রীর একটি আলোকচিত্র।



অত্র হাসপাতালের মেডিকেল অফিসারদের সাথে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



অত্র হাসপাতালের সকল ক্লিনিকাল এবং এলাইড ডিপার্টমেন্টের হেড অব সার্ভিস দের সাথে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



শেখ ফজিলাতুন্নেসা মুজিব মেমোরিয়াল কেপিজে নার্সিং কলেজ এর শিক্ষকমন্ডলীর সাথে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



# স্মৃতির পাতায়

শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে নার্সিং কলেজের ১ম স্নাতক সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয় ২০১৯ সালের ১৮ই সেপ্টেম্বর। নার্সিং পেশার একনিষ্ঠ পৃষ্ঠপোষক মাননীয় প্রধানমন্ত্রী সেবার ও শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে নার্সিং কলেজের আঙিনা কে ধন্য করেছিলেন তার সুহৃদ উপস্থিতিতে।

























শেখ হাসিনা,
শেখ রেহানা,

# KPJ DHAKA JOURNAL OF MEDICAL SCIENCE

Volume 1 Issue 2



## Type of publication

- Original Articles
- Case Report
- Review Articles
- Meta-analyses
- Systematic reviews
- Randomized Clinical Trials
- Short reports
- Observational studies
- Experimental studies

For Author's Guideline,
Please scan the QR Code

KPJ HEALTHCARE

Care For Life

Sheikh Fazilatunnessa Mujib Memorial
KPJ Specialized Hospital





# শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল
# কেপিজে বিশেষায়িত হাসপাতাল

সি/১২, তেঁতুইবাড়ি, কাশিমপুর, গাজীপুর। ওয়েবঃ www.sfmmkpjsh.com

গ্রাহক সেবা কেন্দ্র ০২-৪৪০৭৭০৩০-৩১ ফোন: (+৮৮) ০১৮১০-০০৮০৮০